যুগান্তর
প্রিন্ট: ২০ জুলাই ২০২৬, ০২:২৪ এএম

শিক্ষাঙ্গন

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির মানবিক ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১২ জুলাই ২০২৬, ১০:২৮ পিএম






লাইভ

ফাইনাল

স্পেন 0 - 0 আর্জে...

সোমবার ২০ জুলাই ২০২৬

**পরবর্তী খেলাসমূহ**

রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে গঠিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ২০২৫–২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

রোববার (১২ জুলাই) রাত ৯টার পর বিশ্ববিদ্যালয়ের ভর্তি–সংক্রান্ত ওয়েবসাইটে ফল প্রকাশ করা হয়। পরীক্ষার্থীরা নির্ধারিত ওয়েবসাইটে লগইন করে তাদের রোল/সিরিয়াল নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে ফলাফল দেখতে পারবেন।

এর আগে দিন শনিবার বিকালে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালে কেন্দ্র পরিদর্শনে গিয়ে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম জানান, এ ইউনিটের ভর্তি পরীক্ষায় উপস্থিতির হার ছিল প্রায় ৯০ শতাংশ।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এ বছর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে মোট আসন রয়েছে ৪ হাজার ৪৯৮টি। এসব আসনের বিপরীতে আবেদন করেছেন ২৩ হাজার ৩৬৫ জন ভর্তিচ্ছু। সে হিসেবে প্রতি আসনের বিপরীতে গড়ে প্রায় পাঁচজন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১৭ জুলাই অনুষ্ঠিত হবে। এর মধ্যে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বিজ্ঞান ইউনিটের এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত ব্যবসায় শিক্ষা ইউনিটের পরীক্ষা নেওয়া হবে।